# এনফোর্সমেন্ট বুলেটিন

(নভেম্বর, ২০২৫)



**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. মোঃ কামরুজ্জামান**, *এনডিসি*
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**

**মোঃ জিয়াউল হক**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**

**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**

ডিসেম্বর ২০২৫

**প্রকাশক**

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**

ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় নভেম্বর/২০২৫ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নভেম্বর /২০২৫ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ৩০৭টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৬৭৮ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ১,৮৬,০৭,৫০০/- (এক কোটি ছিয়াশি লক্ষ সাত হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ৪৭৩৭৯.৮৩ কেজি পলিথিন ও ৩২০ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২১৮ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ৩,৩৮,৯৩,৬৭১/- (তিন কোটি আটত্রিশ লক্ষ তিরানব্বই হাজার ছয়শত একাত্তর) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ৭ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।
পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

সৈয়দ ফরহাদ হোসেন

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় নভেম্বর ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক নভেম্বর ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | নভেম্বর ২০২৫ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | নভেম্বর ২০২৫ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় নভেম্বর ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



*চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ*



*ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি*

নভেম্বর ২০২৫ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিবুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২১৮ (দুইশত আঠারো) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৩,৩৮,৯৩,৬৭১/- (তিন কোটি আটত্রিশ লক্ষ তিরানব্বই হাজার ছয়শত একাত্তর) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ১,৬৭,২২,০১৯/- এক কোটি সাতষট্টি লক্ষ বাইশ হাজার ঊনিশ) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক নভেম্বর ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম ঃ







*চিত্র: নভেম্বর /২০২৫ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ*

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড।

**০২ নভেম্বর ২০২৫** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক নীলফামারী, চাঁদপুর ও ঢাকা মহানগরের কারওয়ান বাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ২৫,৩০০/- (পঁচিশ হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪৬৫০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১২,৮০০/- (বারো হাজার আটশত টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কিশোরগঞ্জ, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের কাকরাইল, আজিমপুর, শ্যামলী এবং রামপুরা এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৬ টি মামলার মাধ্যমে ৫৮,০০০/-(আটান্ন হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। ঢাকা মহানগরের আফতাবনগর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩ টি মামলার মাধ্যেমে ২০,০০০/- (বিশ হাজার টাকা) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বান্দরবান জেলায় পাহাড় কর্তনের দায়ে ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী রংপুর জেলায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ০১ টি অবৈধভাবে পরিচালিত ডাইং ও ব্যাটারী কারখানার সেবা সংযোগ (গ্যাস ও বিদ্যুৎ) বিচ্ছিন্ন করে কারখানা ০১ টির কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়।





**০৩ নভেম্বর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ময়মনসিংহ জেলার গ্লোরী টেক্সটাইল এন্ড এপারেলস লিঃ কে ২১ লক্ষ ৬০ হাজার টাকা; ঢাকা জেলার ব্লুমিং ডেলস ফ্যাশান ইন্টারন্যাশনাল লিমিটেড কে ৫ লক্ষ টাকা, নোবেল কেমিক্যালস লিঃ কে ৪০ হাজার টাকা; ইসমাইল ফুড হোটেল কে কার্যক্রম বন্ধের নির্দেশ; সিরাজগঞ্জ জেলার অভি হাইওয়ে ভিলা কে ৩ লক্ষ টাকা; নরসিংদী জেলার অর্ক টেক্সটাইল কে ৩ লক্ষ টাকা; বান্ধব টেক্স লিমিটেড কে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার লিংকটেক্স স্পোর্টর্সওয়্যার লিমিটেড কে ১ লক্ষ ৫০ হাজার টাকা; মাহমুদ ডেনিমস লিমিটেড কে ৫ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার লিং এক্সপোর্ট ইমপোর্ট কোং লিঃ কে ১ লক্ষ টাকা; মানিকগঞ্জ জেলার জিয়া জিয়া ফুড লিঃ কে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা জেলা কার্যালয় ও সদর দপ্তরস্থ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার যৌথ উদ্যোগে ডিগ্রেডেড এয়ারশেড ঘোষিত ঢাকা জেলার সাভার উপজেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি অবৈধ ইটভাটা হতে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৫টি ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করে দেওয়া হয় । ঢাকা মহানগরের শিশুমেলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বান্দরবান জেলায় পাহাড় কর্তনের দায়ে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**০৪ নভেম্বর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার বসুন্ধরা পেপার মিলস লিঃ কে ২১ হাজার ২৬৬ টাকা; ঢাকা জেলার এডভান্স হাসপাতাল লিঃ কে ১ লক্ষ টাকা; হেলথ এইড হাসপাতাল লিঃ কে ৩ লক্ষ টাকা; গাজীপুর জেলার নীটেক্স ইন্ডাঃ লিঃ কে ২ লক্ষ ৫৪ হাজার ৪০০ টাকা; মিনিস্টার হাইটেক পার্ক লিঃ কে ৮ লক্ষ ৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা জেলা কার্যালয় ও সদর দপ্তরস্থ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার যৌথ উদ্যোগে ডিগ্রেডেড এয়ারশেড ঘোষিত ঢাকা জেলার সাভার উপজেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি অবৈধ ইটভাটা হতে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৫টি ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করে দেওয়া হয় এবং ইটভাটাগুলোর বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয়। ঢাকা মহানগরের শিশুমেলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা। কর্তৃক বান্দরবান জেলায় পাহাড় কর্তনের দায়ে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০৫ নভেম্বর ২০২৫** খ্রিঃ তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা ৭ অনুসারে মন্ডল কর্পোরেশন, ময়মনসিংহ ১ লক্ষ ৪০ হাজার ৫ শত টাকা, লাইফ কেয়ার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, কুড়িগ্রাম ৩৫ হাজার টাকা, সানি বিল্ডার্স লিঃ (পোল্ট্রি ইউনিট), ময়মনসিংহ, ২ লক্ষ ৫০ হাজার টাকা, চাঁন মিয়া স' মিল, ময়মনসিংহ ১৫ হাজার টাকা, পাইলট মৎস্য খামার, ময়মনসিংহ ২ লক্ষ টাকা. ব্র্যাক যক্ষা রোগ নির্ণয় কেন্দ্র, রংপুর ৩৫ হাজার টাকা, আমার দেশ হসপিটাল, রংপুর ৫০ হাজার টাকা, স্বাস্থ্য সেবা হাসপাতাল, রংপুর, ৪০ হাজার টাকা , ব্রাদার্স ল্যাব, রংপুর ৩০ হাজার টাকা , মনবাড়ি সাইকিয়াট্রিক কেয়ার এন্ড রিসার্চ সেন্টার, রংপুর ৪০ হাজার টাকা , রংপুর স্বদেশ হাসপাতাল প্রাইভেট লিঃ, রংপুর ১ লক্ষ টাকা, জিওকেম কনজুমার প্রডাক্টস সার্ভিসেস (সিপিএস) লিঃ, ঢাকা ২ লক্ষ টাকা, কমফোর্ট জেনারেল হসপিটাল, কিশোরগঞ্জ ৫০ হাজার টাকা, কোয়ালিটি টেক্স লাইন লিঃ, গাজীপুর ৫০ হাজার টাকা, কেমান ইন্দো বাংলা প্রাইভেট লিমিটেড, গাজীপুর ৮ লক্ষ টাকা ক্ষতিপূরণ আরোপ করা হয় এবং ফিউচার ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার, রংপুর, বন্ধ ও স্থানান্তর নির্দেশ প্রদান করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**০৬ নভেম্বর ২০২৫** খ্রিঃ তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা ৭ অনুসারে পূর্বাচল ডায়াগনস্টিক সেন্টার (ইউনিট-২), গাজীপুর ৩৫ হাজার টাকা, ডাঃ মোয়াজ্জেম মেডিকেল (ডায়াগনস্টিক সেন্টার), ঢাকা ৩৫ হাজার টাকা, মুক্তা ফিলিং স্টেশন, গাজীপুর ১ লক্ষ টাকা, কেয়ার জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক, নারায়ণগঞ্জ ১ লক্ষ টাকা, আল হিবা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, গাজীপুর ৫০ হাজার টাকা, হলি কেয়ার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, ঢাকা ৫০ হাজার টাকা, কাজীমুদ্দিন জেনারেল হাসপাতাল, গাজীপুর ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ আরোপ করা হয় ১০/১১/২০২৫ খ্রিঃ তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা ৭ অনুসারে নিউ মর্ডান ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার, দিনাজপুর ৪০ হাজার টাকা, পলি ক্লিনিক, দিনাজপুর ৫০ হাজার টাকা, লালমনি প্যাথলজি, লালমনিরহাট ২০ হাজার, বাংলাদেশ মনোস্পুল পেপার ম্যানুঃ কোং লিমিটেড, সাভার, ঢাকা ১ লক্ষ ৬৫ হাজার টাকা,মাকসুদুর রহমান এর এমব্রয়ডারি কারখানা, ঢাকা বন্ধ ও স্থানান্তর, কনফোর্স লিমিটেড, সাভার, ঢাকা ৫ লক্ষ টাকা, মেসার্স মাদানী ইলেকট্রিক্যাল ইন্ডাস্ট্রিজ, ঢাকা ৭৫ হাজার টাকা, মেসার্স জামান চাল ও আটা কল, গাইবান্ধা ৫০ হাজার টাকা, এমি ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার, গাইবান্ধা ২০ হাজার টাকা, দি মেডিনোভা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার, নরসিংদী ৩০ হাজার টাকা, দি সাইন্স ল্যাব ডায়াগনস্টিক সেন্টার, নরসিংদী ৩০ হাজার টাকা, মেসার্স শারমিন অটো রাইস মিল, দিনাজপুর, ১ লক্ষ টাকা, হাসান মেমোরিয়াল ডায়াগনস্টিক ও ফিজিওথেরাপি সেন্টার, দিনাজপুর ২৫ হাজার টাকা, প্রাইম ডায়াগনস্টিক এন্ড ইনফার্টিলিটি কেয়ার সেন্টার, জয়পুরহাট ২৫ হাজার টাকা ক্ষতিপূরণ আরোপ করা হয়।





**১২ নভেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা ৭ অনুসারে ঢাকা ট্রমা সেন্টার এন্ড স্পেশালাইজড হাসপাতাল (প্রাঃ) লিঃ, ঢাকা চুয়ান্ন হাজার নয়শত পঞ্চাশ টাকা, সিকো বিল্ডার্স, সাভার, ঢাকা ৫০ হাজার টাকা, জিসি বিডি টেক্সটাইল লিঃ, ধামরাই, ঢাকা ১ লক্ষ ৭৯ হাজার ৫শত ২০ টাকা, এপেক্স ফ্যাশন ওয়্যার লিঃ, গাজীপুর ৮২ হাজার ৬ শত ৪০ টাকা, স্বাধীন ডাইং (প্রাঃ) লিমিটেড, গাজীপুর, ১ লক্ষ ৯২ হাজার ৯ শত ৬০ টাকা, শানটেক্স (প্রাঃ) লিমিটেড, সাভার, ঢাকা ২ লক্ষ ৩২ হাজার ৪ শত ৪০ টাকা, রাজ ওয়াশিং, গাজীপুর ১ লক্ষ ৫৪ হাজার টাকা, সেনা কল্যাণ রেডিমিক্স কংক্রিট, নারায়ণগঞ্জ ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ আরোপ কার হয় এবং ভাই ভাই লোহার কর্মকার, সাভার, ঢাকা বন্ধ ও স্থানান্তর নির্দেশ প্রদান করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১৩ নভেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা ৭ অনুসারে আইডিয়াল প্যাথলজি, দিনাজপুর ১৫ হাজার টাকা, শ্রীমন মেডিকেল ল্যাব এন্ড ডক্টরস কর্নার, দিনাজপুর ১৫ হাজার টাকা, দি পপুলার হাসপাতাল এন্ড আই হসপিটাল, মুন্সিগঞ্জ ৫০ হাজার টাকা, সিটি ডায়াগনস্টিক সেন্টার, মুন্সিগঞ্জ ৩০ হাজার টাকা, গজারিয়া পপুলার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, মুন্সিগঞ্জ ৪০ হাজার টাকা, মেঘনা ডায়াগনস্টিক সেন্টার, মুন্সিগঞ্জ ৪০ হাজার টাকা, এ্যাপোলো প্লাস ডায়াগনস্টিক সেন্টার, গাইবান্ধা ১৫ হাজার টাকা, মরিয়ম চক্ষু হাসপাতাল, গাইবান্ধা ৩০ হাজার টাকা, সেবা প্যাথলজি এন্ড কনসালটেশন সেন্টার, গাইবান্ধা ২৫ হাজার টাকা, ভিডি ডায়াগনস্টিক সেন্টার, নড়াইল ২৫ হাজার টাকা, এএনসি মেডিকেল ডিভাইস বিডি লিমিটেড (ক্যাপটিভ পাওয়ার প্লান্ট), ঢাকা ২০ হাজার টাকা, মাইন্ড সেভেন ফুড কোং, ঢাকা ৩ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে।





**১৭ নভেম্বর ২০২৫ খ্রিঃ** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা ৭ অনুসারে টংলি পাওয়ার টেকনোলজি (বিডি) লিঃ, ময়মনসিংহ ৫ লক্ষ টাকা, বীর মুক্তিযোদ্ধা আব্দুল করিম প্যাথলজি, লালমনিরহাট ২০ হাজার টাকা, নিরাময় হেলথ এন্ড ডায়াবেটিক সেন্টার, ময়মনসিংহ ২০ হাজার টাকা, শহীদ আসাদুল্লাহ আইডিয়াল হসপিটাল (প্রাঃ) লিঃ, দিনাজপুর ৫০ হাজার টাকা হাতিবান্ধা ক্লিনিক এন্ড নার্সিং হোম, লালমনিরহাট ২০ হাজার টাকা, নিউ পপুলার ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার, দিনাজপুর ২০ হাজার টাকা, বেস্ট পপুলার ডায়াগনস্টিক সেন্টার, লালমনিরহাট ২০ হাজার টাকা, মেডিনোভা ডায়াগনস্টিক সেন্টার, ময়মনসিংহ ২০ হাজার টাকা, সাইক জেনারেল হাসপাতাল, বগুড়া ১ লক্ষ টাকা, সততা ক্লিনিক, বাগেরহাট ৫০ হাজার টাকা, জিন ডিং ব্যাটারী ইন্ডাস্ট্রি কোং লিঃ, বাগেরহাট ২ লক্ষ ৫০ হাজার টাকা





**১৮ নভেম্বর ২০২৫ তারিখে** পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নওগাঁ জেলার শাহ অয়েল মিল কে  ৪ লক্ষ টাকা; নওগাঁ চক্ষু হাসপাতাল কে ৫০ হাজার টাকা; জয়পুরহাট জেলার মর্ডাণ জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৭০ হাজার টাকা; তাজুল ইসলাম ডায়াগনস্টিক এন্ড ডক্টরস চেম্বার কে ২৫ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার মুক্তা ফিলামেন্ট ইন্ডাস্ট্রিজ কে ৫০ হাজার টাকা; বাগেরহাট জেলার পপুলার ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; নড়াইল জেলার মেডিকেয়ার ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; দিনাজপুর জেলার শহীদ আসাদুল্লাহ আইডিয়াল ডায়াগনস্টিক সেন্টার কে ১০ হাজার টাকা; মানিকগঞ্জ জেলার আয়ান পোল্ট্রি ফার্ম কে ১০ হাজার টাকা; খুলনা জেলার দি গ্রেট হসপিটাল কে ৫০ হাজার টাকা; নীলফামারী জেলার তছর উদ্দিন হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা;মেহেরপুর জেলার ডক্টরস ল্যাব এন্ড ক্লিনিক কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। লক্ষ্মীপুর জেলা কার্যালয় ও সদর দপ্তরস্থ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার যৌথ উদ্যোগে লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়।কুমিল্লা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮৫ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। ঢাকা মহানগরের শ্যামলী এবং মিরপুর রোড এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ২৬,০০০/- (ছব্বিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চুয়াডাঙ্গা, কুড়িগ্রাম, চাঁদপুর, মেহেরপুর ও ঢাকা মহানগরের রামপুরা ব্রীজ এবং শ্যামলী এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২২ টি মামলার মাধ্যমে ৩৫,৮০০/-(পঁয়ত্রিশ হাজার আটশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**১৯ নভেম্বর ২০২৫** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লক্ষ্মীপুর জেলা কার্যালয় ও সদর দপ্তরস্থ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার যৌথ উদ্যোগে লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করে দেওয়া হয় এবং ইটভাটাগুলোর বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয় এবং ০১ টি ইটভাটার মালিক কে ৪০০,০০০/- টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। সাতক্ষীরা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮০০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের হাতিরঝিল এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ১৭,০০০/- (সতের হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কাকরাইল এবং শ্যামলী এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ২৮,৫০০/-(আটাশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। ঢাকা জেলার সাভার ও ঢাকা মহানগরের আফতাবনগর এবং আদাবর মনসুরাবাদ আবাসিক এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যেমে ১৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।





**২০ নভেম্বর ২০২৫** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লক্ষ্মীপুর জেলা কার্যালয় ও সদর দপ্তরস্থ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার যৌথ উদ্যোগে লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করে দেওয়া হয় এবং ইটভাটাগুলোর বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয়। বাগেরহাট, ঝিনাইদহ ও নওগাঁ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১৩,৩০০/- (তেরো হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৩ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৩,০০০/- (তেরো হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পঞ্চগড়, ঝিনাইদহ, মেহেরপুর, রাজবাড়ী, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের রামপুরা এবং মানিক মিয়া এভিনিউ এলাকায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৩ টি মামলার মাধ্যমে ৩৭,১০০/-(সাইত্রিশ হাজার একশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য




**২৩ নভেম্বর ২০২৫** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুমিল্লা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৭৫ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। মানিকগঞ্জ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ২,০০০/- (বারো হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ এবং মানিকগঞ্জ জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৩,০০০/-(তিন হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঝিনাইদহ এবং চাঁপাইনবাবগঞ্জ জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যেমে ৬৬,০০০/- (ছেষট্টি হাজার টাকা) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ু দূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে পটুয়াখালী জেলায় ১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ০১ টি ইটভাটার কাচাঁ ইটসহ চিমনী সম্পূর্ণ ভেঙ্গে গুড়িয়ে দেওয়া হয়।




**২৪ নভেম্বর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম চক্ষু হাসপাতাল কে ৩০ হাজার টাকা; আধুনিক ডায়াগনস্টিক সেন্টার এন্ড হাসপাতাল কে ১০ হাজার টাকা; আপডেট ডায়াগনস্টিক সেন্টার কে ১০ হাজার টাকা; বাগেরহাট জেলার বে ইস্টার্ন কর্পোরেশন কে ১ লক্ষ টাকা; তামিমা ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; গাজীপুর জেলার টঙ্গী পদ্মা জেণারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৫০ হাজার টাকা; গাইবান্ধা জেলার কমফোর্ট হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে৫০ হাজার টাকা; ঢাকা জেলার ইসতিয়াক মেডিকেল সেন্টার কে ২৫ হাজার টাকা; লাইফ সেফ হসপিটাল কে ২৫ হাজার টাকা; মাদারীপুর জেলার কালকিনি খিদমাহ হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; শিবচর পপুলার ক্লিনিক এন্ড ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ৪০ হাজার টাকা এবং নীলফামারী জেলার মরিয়ম চক্ষু হাসপাতাল কে ৩৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঝালকাঠি ও সিরাজগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৯৯৩ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১৩,০০০/- (তের হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নলিফামারী, ফেনী, রংপুর, মেহেরপুর এবং ঢাকা মহানগরের কাকরাইল এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২০ টি মামলার মাধ্যমে ২৯,১০০/-(উনত্রিশ হাজার একশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। লক্ষ্মীপুর জেলা কার্যালয় ও সদর দপ্তরস্থ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার যৌথ উদ্যোগে লক্ষ্মীপুর ও নোয়াখালী জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করে দেওয়া হয় এবং ইটভাটাগুলোর বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয় ও ০১ টি মামলার মাধ্যমে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।





**২৫ নভেম্বর ২০২৫** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক নরসিংদী ও ফরিদপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১,০০০/- (এক হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২০১১ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাগেরহাট, রংপুর, নরসিংদী ও মানিকগঞ্জ জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩ টি মামলার মাধ্যমে ১৮,৫০০/-(আঠার হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২১ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লক্ষ্মীপুর জেলা কার্যালয় ও সদর দপ্তরস্থ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার যৌথ উদ্যোগে লক্ষ্মীপুর, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, নোয়াখালী, বান্দরবান ও ফরিদপুর জেলায় ০৬টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করে দেওয়া হয় এবং ইটভাটাগুলোর বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয় ও ০৫ টি মামলার মাধ্যমে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**২৬ নভেম্বর ২০২৫** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঠাকুরগাঁও, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের খিলগাঁও জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ৪৪,০০০/- (চুয়াল্লিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬৬০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় এবং ০২ জন পলিথিন ব্যবসায়ী কে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বরিশাল জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ২০০০/-(দুই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লক্ষ্মীপুর জেলা কার্যালয় ও সদর দপ্তরস্থ মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখার যৌথ উদ্যোগে লক্ষ্মীপুর, ঢাকা জেলার ধামরাই ও কুস্টিয়া জেলায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করে দেওয়া হয় এবং ইটভাটাগুলোর বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে বৈদ্যুতিক মিটার খুলে নিয়ে আসা হয় ও ০৫ টি মামলার মাধ্যমে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শিশুমেলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১৮,০০০/- (আঠার হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে টায়ার পাইরোলাইসিস দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা জেলার ধামরাই এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টায়ার পাইরোলাইসিস কারখানা উচ্ছেদ করে কারখানাটির কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।






**২৭ নভেম্বর ২০২৫** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নেত্রকোনা, কিশোরগঞ্জ, সিরাজগঞ্জ, নীলফামারী, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের শিশুমেলা এলাকায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২১ টি মামলার মাধ্যমে ২২,৩০০/-(বাইশ হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শিশুমেলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১১,০০০/- (এগার হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে সিরাজগঞ্জ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ২,০০০/- (দুই হাজার টাকা) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**২৯ নভেম্বর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের নের্তৃত্বে বিআরটিএ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা মেট্রো পলিটন পুলিশ, র‍্যাব, বিএনসিসি, বাংলাদেশ স্কাউট, গ্রিন ভয়েস, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ইত্যাদি সংস্থার সমন্বয়ে ঢাকা মহানগরের বিভিন্ন এলাকায় অদ্য ২৯ নভেম্বর ২০২৫ তারিখে ১০ টি ম্যাজিস্ট্রেরিয়াল টিম এর মাধ্যমে দূষণ বিরোধী অভিযান প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ এবং উত্তরা এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে =১১,০০০/-(এগার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। ঢাকা মহানগরের ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৫ টি মামলার মাধ্যমে =৭০,০০০/- (সত্তর হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। ঢাকা মহানগরের বসিলা মোহাম্মদপুর এবং উত্তরা দিয়াবাড়ি এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৮ টি মামলার মাধ্যেমে =১,৫৫,০০০/- (এক লক্ষ পঞ্চান্ন হাজার টাকা) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের উত্তরা এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





৩০ নভেম্বর ২০২৫ তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নরসিংদী জেলার মেসার্স আমেনা টেক্সটাইল কে ১ লক্ষ ৫০ হাজার টাকা; ওয়াশ আউট লিঃ কে ১ লক্ষ টাকা; কুস্টিয়া জেলার সৌরভ ডাল মির কে ২০ হাজার টাকা; ঢাকা জেলার মাস্টার প্লেট ম্যাকিং (বিডি) লিঃ কে ৫৪ হাজার ৭৪০ টাকা; স্টাইল ওয়েট এন্ড ড্রাই প্রসেস কে ১ লক্ষ ৪৯ হাজার ৯৫২ টাকা; আশিয়ান ল্যান্ড ডেভেলপমেন্টস লিঃ কে ৫ লক্ষ টাকা; মেসার্স লয়েল হোম এ্যাপ্লায়েন্স (গ্যাস চুলা সংযোজন) কে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার এফজিএস লন্ড্রী লিঃ কে ৪০ হাজার টাকা; পপুলার ফার্মাসিউটিক্যালস লিঃ কে ২৯ হাজার ৫০০ টাকা; মাদানী হাইটেক ইন্ডাঃ লিঃ কে ৩২ হাজার ৮০৫ টাকা; খান এক্সেসরিজ এন্ড প্যাকেজিং কোং লিঃ কে ২লক্ষ ৪ হাজার ১২০ টাকা; হ্যামস গার্মেন্টস লিঃ কে ৭৫ হাজার টাকা; রেডিসন ক্রিয়েশন লিমিটেড কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; হাজী ওয়াহেদ সরকার সি এনজি ফিলিং সেন্টার লিমিটেড কে ৫০ হাজার টাকা; প্রিজম ওয়েস্ট ম্যানেজমেন্ট লিঃ কে ৫০ হাজার টাকা; ইউনিগ্লোরী স্টিল প্রোডাক্টস লিমিটেড কে ৫০ হাজার টাকা; বাগেরহাট জেলার উংডি ইন্ডাস্ট্রিজ লিঃ কে ১ লক্ষ টাকা; মেডিল্যাব জেনারেল হাসপাতাল কে ৩৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। শেরপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮৮ কেজি পলিথিন জব্দ করা হয়। সুনামগঞ্জ, পঞ্চগড়, শরীয়তপুর, ঝিনাইদহ জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১১ টি মামলার মাধ্যমে =৩৯,০০০/-(উনচল্লিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১ টি মামলার মাধ্যেমে =৫০০/- (পাঁচশত টাকা) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। নারায়ণগঞ্জ জেলায় ০১ টি এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনার মাধ্যমে ০১ টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সম্পূর্ণরূপে উহার কার্যক্রম বন্ধসহ বিদ্যুৎ মিটার খুলে ফেলা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

আলোকিত সকাল

প্রচ্ছদ স্বদেশ / নারায়ণগঞ্জে শব্দদূষণ রোধে ভ্রাম্যমাণ আ...

## নারায়ণগঞ্জে শব্দদূষণ রোধে ভ্রাম্যমাণ আদালতের অভিযান

প্রকাশিত: বৃহস্পতিবার ২৭ নভেম্বর ২০২৫ | অনলাইন সংস্করণ

Share



নারায়ণগঞ্জ সদর উপজেলায় শব্দদূষণকারী পাঁচটি যানবাহনের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে ২ হাজার ৫০০ টাকা জরিমানা আদায় করেছে। একই সঙ্গে জব্দ করা হয়েছে পাঁচটি হর্ন।

বুধবার (২৬ নভেম্বর) জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার রাশেদ খানের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে সহায়তা করে নারায়ণগঞ্জ থানা পুলিশ ও পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তারা। অভিযানে প্রসিকিউশন দেন পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক মো. হুজ্জাতুল ইসলাম।

ইনকিলাব
THE DAILY INQILAB

ফটো গ্যালারি ই-পেপার

বাংলাদেশ

## নাইক্ষ্যংছড়িতে ইটভাটা গুড়িয়ে দিল পরিবেশ অধিদপ্তর ও জেলা প্রশাসন

কক্সবাজার ব্যুরো

২৬ নভেম্বর ২০২৫, ১২:০২ এএম | আপডেট: ২৬ নভেম্বর ২০২৫, ১২:০২ এএম



নাইক্ষ্যংছড়িতে পরিবেশ অধিদপ্তর, বান্দরবানের সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং উপজেলা প্রশাসনের একটি যৌথদল অভিযান চালিয়ে দুইটি ইটভাটা গুড়িয়ে দিয়েছে।

আলোকিত প্রতিদিন

সারাদেশ চট্টগ্রাম

## সেনবাগে অবৈধ ইট ভাটা ভেঙে গুড়িয়ে দিল প্রশাসন,জরিমানা ৫ লক্ষ টাকা

ডেস্ক প্রতিদিন-৩ নভেম্বর ২৫, ২০২৫




সেনবাগে অবৈধ ইট ভাটা ভেঙে গুড়িয়ে দিল প্রশাসন,জরিমানা ৫ লক্ষ টাকা

**প্রতিনিধি,নোয়াখালী:**
নোয়াখালী জেলার সেনবাগ উপজেলার বীজবাগ ইউনিয়নে বালিয়াকান্দি গ্রামে স্হাপিত অবৈধ ইট ভাটা মেসার্স ভাই ভাই ব্রিকস ও ফাতেমা ব্রিকসকে মোবাইল কোর্ট অভিযান চালিয়ে ভেঙে গুড়িয়ে দিয়েছে প্রশাসন।
এসময় এ্যাসকাভেটর দিয়ে ইট ভাটার

দেশ ও জাতির কল্যানে প্রতিদিন

বাংলার চেতনা
www.banglarchetona.com

## পরিবেশ অধিদপ্তরের অভিযানে চুয়াডাঙ্গায় ৪টি ইটভাটা সম্পূর্ণ ধ্বংস করা হয়েছে





দৈনিক জনকণ্ঠ

বাংলাদেশ

## কুষ্টিয়ায় অবৈধ ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের অভিযান : গুঁড়িয়ে দেওয়া হলো নয়টি ভাটা

সাগর হোসেন, কুষ্টিয়া

প্রকাশিত : ১৯:২৫, ২৫ নভেম্বর ২০২৫; আপডেট : ১৯:২৫, ২৫ নভেম্বর ২০২৫



কুষ্টিয়ার কুমারখালী উপজেলার চরসাদীপুর এলাকায় পরিবেশ অধিদপ্তরের অভিযানে গুঁড়িয়ে দেওয়া হয়েছে নয়টি অবৈধ ইটভাটা। এ সময় প্রায় এক কোটি টাকার কাঁচা ইট নষ্ট করা হয়। মঙ্গলবার সকাল থেকে দিনব্যাপী অভিযান পরিচালনা করা হয়।

দেশজুড়ে

## ধামরাইয়ে অবৈধ ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের অভিযান

ধামরাই (ঢাকা), আরটিভি নিউজ

প্রকাশিত: সোমবার, ১০ নভেম্বর ২০২৫ , ০৩:৩৮ পিএম

শেয়ার করুন:



ছবি: প্রতিনিধি

ঢাকার ধামরাইয়ে সাতটি অবৈধ ইটভাটায় অভিযান চালিয়ে চারটিকে তিন লাখ টাকা করে অর্থদণ্ড ও তিনটি ইটভাটার চিমনি ভেঙে দেওয়া হয়েছে।

দৈনিক স্বাধীন সময়

## ঠাকুরগাঁও পরিবেশ অধিদপ্তর জেলা কার্যালয়ের উদ্যোগে নিষিদ্ধ ঘোষিত পলিথিন বিরোধী মোবাইল কোর্ট পরিচালনা

swadhinshomoy

26th Nov 2025 3:54 pm | অনলাইন সংস্করণ Print



ঠাকুরগাঁও প্রতিনিধি

২৬/১১/২০২৫ খ্রি: তারিখ পরিবেশ অধিদপ্তর, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের উদ্যোগে ঠাকুরগাঁও জেলার সদর উপজেলায় বাসস্ট্যান্ড বাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন বিরোধী মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্টে ঠাকুরগাঁও জেলা প্রশাসনের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: আব্দুর রহমান শেখ নেতৃত্ব প্রদান করেন। মোবাইল কোর্টে ০৩ টি দোকানে নিষিদ্ধ ঘোষিত পলিথিন মজুদ ও বিতরণ করার অপরাধে ২১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং আনুমানিক ১৩.৬ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা

আলোকিত প্রতিদিন

সারাদেশ চট্টগ্রাম

## সেনবাগে অবৈধ ইট ভাটা ভেঙে গুড়িয়ে দিল প্রশাসন,জরিমানা ৫ লক্ষ টাকা

ডেস্ক প্রতিদিন-৩ নভেম্বর ২৫, ২০২৫




সেনবাগে অবৈধ ইট ভাটা ভেঙে গুড়িয়ে দিল প্রশাসন,জরিমানা ৫ লক্ষ টাকা

**প্রতিনিধি,নোয়াখালী:** নোয়াখালী জেলার সেনবাগ উপজেলার বীজবাগ ইউনিয়নে বালিয়াকান্দি গ্রামে স্হাপিত অবৈধ ইট ভাটা মেসার্স ভাই ভাই ব্রিকস ও ফাতেমা ব্রিকসকে মোবাইল কোর্ট অভিযান চালিয়ে ভেঙে গুড়িয়ে দিয়েছে প্রশাসন।

দৈনিক করতোয়া

লামার আলো

## বান্দরবান সদর ও নাইক্ষ্যংছড়ি উপজেলায় পরিবেশ বিদ্ধেষী কর্মকান্ডের বিরুদ্ধে মোবাইল কোর্ট

admin প্রকাশের সময় : নভেম্বর ২, ২০২৫, ৯:০৫ অপরাহ্ন / ০



প্রিন্ট করুন

**লামার আলো ডেস্ক:-**

পরিবেশ অধিদপ্তর, বান্দরবান ও জেলা প্রশাসন কর্তৃক চলমান যৌথ অভিযানে পরিবেশের ক্ষতি করে অবৈধভাবে পাহাড় কাটা, ইটভাটা কার্যক্রম বালু ও মাটি ব্যবস্থাপনা আইনে তিন লাখ দশ হাজার টাকা জরিমানা আদায় করেছেন। (২রা নভেম্বর) রোববার বান্দরবান জেলা সদর ও নাইক্ষ্যংছড়ি উপজেলায় পৃথকভাবে মোবাইল কোর্ট পরিচালনা করে এই সব জরিমানা আদায় করা হয় বলে পরিবেশ অধিদপ্তর বান্দরবান পার্বত্য জেলা কার্যালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন।

+880 1707-002505

দৈনিক দেশ মা

সরকারি মিডিয়া ভুক্ত

The Daily Desh Maa

দেশের কথা বলে

প্রিন্ট এর তারিখঃ নভেম্বর ১৯, ২০২৫, ৭:৪৬ পি.এম || প্রকাশের তারিখঃ নভেম্বর ১৯, ২০২৫, ১:১৭ অপরাহ্ণ

## তেঁতুলিয়ায় রাস্তার উপর নির্মাণসামগ্রী- জরিমানা আদায়



পঞ্চগড় প্রতিনিধি

এক ব্যবসায়ীকে ৫ হাজার টাকা জরিমানা ধার্য্যপূর্বক আদায় করা হয়। এসময় তেঁতুলিয়া উপজেলার তিরনইহাট-শালবাহান-হারাদিঘী-বুড়াবুড়ি রাস্তা সংলগ্ন বালুসমূহ রাস্তা থেকে দূরে সংরক্ষণের জন্য সতর্ক

প্রিন্ট করুন

সেভ করুন

দৈনিক ঝড়

## তেঁতুলিয়ায় মোবাইল কোর্ট: বায়ু ও শব্দ দূষণকারী ব্যবসায়ী ও চালকদের জরিমানা



বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়